## প্রোগ্রাম ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (পিসিডি)

# বার্ষিক সাধারণ সভা

## অর্থবছর ২০২৪-২০২৫

# বার্ষিক অগ্রগতি প্রতিবেদন


## প্রোগ্রাম ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (পিসিডি)

**রাধানগর, মক্তব মোড়, পাবনা-ঈশ্বরদী রোড, পাবনা-৬৬০০**

টেলিফোন ঃ +৮৮০২৫৮৮৮৪২৯৬৯; মোবাইল ফোন ঃ +৮৮০১৭১৬৫৩৫০৮১

ই-মেইল: pcdpabna18@gmail.com; pcdpabna20@gmail.com;

ওয়েব: www.pcdbd.org

## পটভূমিঃ

প্রোগ্রাম ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (পিসিডি) ১৯৮৪ ইং সালে প্রতিষ্ঠিত পাবনার একটি বেসরকারী উন্নয়নমূলক প্রতিষ্ঠান। পিসিডি স্থানীয় কিছু সংখ্যক উদ্যমী সমাজকর্মী নারী পুরষের প্রচেষ্টায় যাত্রা শুরু করে। মূলতঃ গরীব, অবহেলিত, দূর্বল এবং আর্থিক-সামাজিকভাবে পিছিয়ে পড়া মানুষের সঠিক উন্নয়নের লক্ষ্যে পিসিডি কর্মকান্ড হাতে নেয় যাতে করে নিজেদের পক্ষে সোচ্চার ভূমিকা রাখতে পারে এবং স্থানীয়, আঞ্চলিক, জাতীয় এমনকি বিশ্ব প্রেক্ষাপটে সচেতন জনগোষ্ঠী হিসাবে ভূমিকা রাখতে পারে। প্রতিষ্ঠানটি জন্মলগ্ন থেকে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী/প্রকল্প যেমন-উপ-আনুষ্ঠানিক শিক্ষা, কৃষির উন্নয়নে কারিগরি সেবা, নার্সারী উন্নয়ন স্বাস্থ্য সেবা এবং স্বাস্থ্য সচেতনতা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং ঋণ সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করছে। এই সকল কার্যক্রম বাস্তবায়নের ফলে যেমন একদিকে এলাকার মানুষ সুবিধা পেয়ে উপকৃত হয়েছে তেমনি অন্যদিকে এই সকল কাজ সফলভাবে বাস্তবায়নে একদল দক্ষ জনবল তৈরী হয়েছে। পিসিডি এটি একটি বেসরকারী সংস্থা যাকে “এনজিও” বলা হয়। সংবিধান অনুসারে ইহা সম্পূর্ণ অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ মূলক মানব সম্পদ উন্নয়ন সংস্থা। পিসিডি এর মূল লক্ষ্য হলো ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে সকল নারী-পুরুষ, শিশুর সমান মর্যাদা ও অধিকারের জন্য একটি ন্যায় সম্মত অংশগ্রহণমূলক, টেকসই ও প্রকৃতি বান্ধব সমাজ প্রতিষ্ঠা।

সুদীর্ঘ পথ পরিক্রমায় পিসিডি বর্তমানে বাংলাদেশের ৩ টি ( রাজশাহী, ঢাকা ও খুলনা) বিভাগে, ৫ টি (রাজশাহী বিভাগে ০৩ টি, ঢাকা বিভাগে ০১টি ও খুলনা বিভাগে ০১ টি) জেলায়, ২০ টি উপজেলার, ১৫২ টি ইউনিয়ন/পৌরসভার, ১,২৭৮ টি গ্রামে কার্যক্রম বিস্তৃত করেছে। বিস্তৃত কর্মএলাকায় বর্তমান বাস্তবায়িত ০৭ টি প্রকল্প/কর্মসূচির আওতায় সরাসরি লক্ষ্যভুক্ত উপকারভোগী জনগোষ্ঠির সংখ্যা প্রায় ৭৮,১৯৪ জন যার মধ্যে ৬২,৫৫৫ জন (প্রায় ৮০%) নারী।

বিস্তৃত কর্ম এলাকায় লক্ষ্যভুক্ত বিশাল জনগোষ্ঠির মাঝে দক্ষতার সাথে সময়মত প্রকল্প/কর্মসূচি সেবা পৌঁছে দেয়ার জন্য সংস্থায় বর্তমানে বিভিন্ন পদে মোট ৩৭৬ জন স্থায়ী ও প্রকল্প কর্মী ও ৫০ জন অফিস সার্ভিস কর্মী নিয়োজিত আছেন যাঁরা স্বচ্ছতা, জবাবদিহীতা, আন্তরিকতা, সততা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে সংস্থার লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে নিরন্তর সচেষ্ট রয়েছেন। নির্বাহী পরিচালক হিসাবে আমি সর্বদা অতন্দ্র থেকে সামনের সারির একজন সৈনিকের মত এই বিশাল সহযোদ্ধা বাহিনিকে কার্যকরভাবে নেতৃত্ব দিয়ে যাচ্ছি।

বিগত সময়ে বিভিন্ন প্রকল্প/কর্মসূচি সফলভাবে বাস্তবায়নে সক্ষম হওয়ায় তা বিভিন্ন দাতা সংস্থা/অংশীদার সংস্থার আস্থা অর্জনে সক্ষম হয়েছে ফলে বিভিন্ন দাতা সংস্থা তাদের প্রকল্পের/কর্মসূচির কলেবর বৃদ্ধি করেছে। নতুন নতুন কর্মসূচি/প্রকল্প পিসিডির কর্মযজ্ঞে সংযুক্ত হচ্ছে প্রতিনিয়ত। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-পিকেএসএফ, কর্মাশিয়াল ব্যাংক, নরেএক, সুইস কন্টাক্ট, ইফাদ, বিশ্বব্যাংকসহ সকল দাতা সংস্থা/ অংশীদার সংস্থা পিসিডির মাধ্যমে অত্র এলাকার মানুষের ভাগ্যের পরিবর্তনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। বাংলাদেশ সরকারের উন্নয়ন কর্মকান্ডে শরীক হতে পারায় স্থানীয় প্রশাসন (সংশ্লিস্ট সকল জেলা ও উপজেলা প্রশাসন), সরকারের বিভিন্ন দপ্তর, স্থানীয় সরকার পিসিডি'র প্রতি তাঁদের অকুন্ঠ সমর্থন ও সহযোগিতা প্রদান করেছে নিরন্তর। এতদসংশ্লিষ্ট প্রতিটি কাজে তাঁদের সর্বাত্মক সহযোগিতা, সমর্থন ও উপস্থিতি পিসিডি'র মনোবল বৃদ্ধি করেছে বহুগুনে। আমি সকল দাতা/অংশীদার সংস্থা, সংশ্লিষ্ট সকল স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসন, সরকারের বিভিন্ন দপ্তর, সুশিল সমাজ, স্থানীয় সরকার ও এলাকারগণমানুষের পিসিডি'র প্রতি সমর্থন, সহযোগিতা ও অবদানকে কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি।

সংস্থার সাধারণ পরিষদ ও নির্বাহী পরিষদের সম্মানিত সদস্যবৃন্দ যাঁদের অনুপ্রেরণা, দিক নির্দেশনা ও সঠিক পরিচালনায় সংস্থার সাংগঠনিক শক্তি ও নেতৃত্ব বিকশিত হয়েছে,সংস্থা আজ তাদের কৃতজ্ঞচিত্তে ও শ্রদ্ধার সাথে স্মরণ করছে। সেই সাথে সংস্থার সম্মানিত সদস্যবৃন্দ যাঁদের প্রজ্ঞা ও জ্ঞান দ্বারা সংস্থা পরিচালনার প্রতিটি ক্ষেত্রে সুনির্দিষ্ট পরামর্শ প্রদান করে বিকশিত হবার পথ ত্বরান্বিত করেছেন, পিসিডি তাঁদের সবার প্রতি সকৃতজ্ঞ রইলো।

বরাবরের মত পিসিডি'র স্বপ্ন- আমরা এমন একটা সমাজের আশা করি যেখানে মানবাধিকার ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে এবং সম্প্রদায়ের স্বয়ংসম্পূণতা নিশ্চিত হবে। আগামী ২০২৪-২০২৫ অর্থ বছর হোক সংস্থার কাঙ্খিত লক্ষ্য অর্জনের আর এক উজ্জল মাইল-ফলক সেটাই আমাদের সবার প্রত্যাশা।

বিনীত-

মোঃ শফিকুল আলম<br>
সাধারণ সম্পাদক<br>
কার্যনির্বাহী পরিষদ<br>
ও<br>
নির্বাহী পরিচালক, পিসিডি।

# বার্ষিক অগ্রগতি প্রতিবেদন ২০২৪-২০২৫

**সংস্থার ইতিবৃত্তঃ**

প্রোগ্রাম ফর কমিউনিটি ডেভেলপমেন্ট (পিসিডি) ১৯৮৪ ইং সালে প্রতিষ্ঠিত পাবনার একটি বেসরকারী উন্নয়নমূলক প্রতিষ্ঠান। পিসিডি স্থানীয় কিছু সংখ্যক উদ্যমী সমাজকর্মী নারী পুরুষের প্রচেষ্টায় যাত্রা শুরু করে। মূলতঃ গরীব, অবহেলিত, দূর্বল এবং আর্থিক-সামাজিকভাবে পিছিয়ে পড়া মানুষের সঠিক উন্নয়নের লক্ষ্যে পিসিডি কর্মকান্ড হাতে নেয় যাতে করে নিজেদের পক্ষে সোচ্চার ভূমিকা রাখতে পারে এবং স্থানীয়, আঞ্চলিক, জাতীয় এমনকি বিশ্ব প্রেক্ষাপটে সচেতন জনগোষ্ঠী হিসাবে ভূমিকা রাখতে পারে। প্রতিষ্ঠানটি জন্মলগ্ন থেকে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচী/প্রকল্প যেমন-উপ-আনুষ্ঠানিক শিক্ষা, কৃষির উন্নয়নে কারিগরি সেবা, নার্সারী উন্নয়ন স্বাস্থ্য সেবা এবং স্বাস্থ্য সচেতনতা, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং ঋণ সহায়তা প্রদান কার্যক্রম বাস্তবায়ন করছে। এই সকল কার্যক্রম বাস্তবায়নের ফলে যেমন একদিকে এলাকার মানুষ সুবিধা পেয়ে উপকৃত হয়েছে তেমনি অন্যদিকে এই সকল কাজ সফলভাবে বাস্তবায়নে একদল দক্ষ জনবল তৈরী হয়েছে। পিসিডি এটি একটি বেসরকারী সংস্থা যাকে “এনজিও” বলা হয়। সংবিধান অনুসারে ইহা সম্পূর্ণ অরাজনৈতিক স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ মূলক মানব সম্পদ উন্নয়ন সংস্থা। পিসিডি এর মূল লক্ষ্য হলো ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে সকল নারী-পুরুষ, শিশুর সমান মর্যাদা ও অধিকারের জন্য একটি ন্যায় সম্মত অংশগ্রহণমূলক, টেকসই ও প্রকৃতি বান্ধব সমাজ প্রতিষ্ঠা।

**আইনগত বৈধতাঃ**

| ক্রমিক নং | নিবন্ধন প্রদানকারী প্রতিষ্ঠানের নাম | নিবন্ধন নম্বর | নিবন্ধন তারিখ |
|---|---|---|---|
| ১ | সমাজসেবা অধিদপ্তর | পাবনা-১৩১(২৫৪)/৮৬ | ২৩.০৭.১৯৮৬ |
| ২ | এনজিও বিষয়ক ব্যুরো | ৮৭২ | ০৪.১২.১৯৯৪ |
| ৩ | মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) | ০১৫০৮-০০৭০৩-০০১৩৫ | ০৭.০২.২০০৮ |
| ৪ | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিবন্ধিত কর সনাক্তকরণ নাম্বার (টিআইএন) (এনবিআর) | ৮৭৩৫৩৮৩৫৫৬৮৮ | ২৯/১০/২০১৩ |
| ৫ | জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিবন্ধিত ভ্যাট রেজিস্ট্রেশন নাম্বার (বিআইএন) (এনবিআর) | ০০১৫৪০৫৩৬ -১১০৫ | ০৯/০৬/২০২৪ |

**সংস্থার ভিশনঃ**

আমরা এমন একটা সমাজের আশা করি যেখানে মানবাধিকার ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠিত হবে এবং সম্প্রদায়ের স্বয়ংসম্পূণতা নিশ্চিত হবে।

**সংস্থার মিশনঃ**

পিসিডি সচেতনতা বাড়ানো, সঞ্চয়, প্রশিক্ষণ, স্বাস্থ্য, কৃষি, স্যানিটেশন, লিঙ্গ, বিপণন ইত্যাদি সহায়তা প্রদানের মাধ্যমে সম্প্রদায়ের মানুষকে স্বাবলম্বী করা ও সম্প্রদায়ের মানুষের সক্ষমতা বৃদ্ধি করা।

**লক্ষ্যঃ**

ধর্ম, বর্ণ, গোত্র নির্বিশেষে সকল নারী-পুরুষ, শিশুর সমান মর্যাদা ও অধিকারের জন্য একটি ন্যায় সম্মত অংশগ্রহণমূলক, টেকসই ও প্রকৃতি বান্ধব সমাজ প্রতিষ্ঠা।

**উদ্দেশ্যঃ সংস্থার লক্ষ্য অর্জনকল্পে নিম্নলিখিত উদ্দেশ্যাবলী নির্ধারণ করা হয়েছেঃ**

১. সৃজনশীল কর্মকান্ড বিকাশে উৎসাহ প্রদান করা;
২. দারিদ্র বিমোচনে বাস্তবসম্মত কর্মসূচি গ্রহণ করা;
৩. গণমানুষের অংশ গ্রহণের মাধ্যমে স্বাস্থ্য, শিক্ষা, স্যানিটেশন ও পুষ্টিমান উন্নয়নে সহায়তা দেওয়া;
৪. অবাধ ন্যায় সম্মত ও শান্তিপূর্ণ সমাজ গঠনে সহযোগীতা দেওয়া;
৫. নারী-পুরুষের সমতা প্রতিষ্ঠায় কার্যকরী কর্মসূচি গ্রহণে সহায়তা করা;
৬. মূলধারার সংস্কৃতি বিকাশের মাধ্যমে সামাজিক বিবর্তনে সহায়তা প্রদান করা;
৭. মানুষের অধিকার (খাস জমির জলাশয় ইত্যাদি) সচেতনতায় এবং অসহায়দের জন্য আইনি সহায়তা দেওয়া;
৮. বিজ্ঞান শিক্ষার বিকাশ এবং জীবনধর্মী শিক্ষা সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা;
৯. পশ্চাৎপদ জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধি ও অন্যের উপর নির্ভরশীলতা কমিয়ে আনা;
১০. দরিদ্র ও দুঃস্থ জনগণকে স্ব-স্ব- চিন্তাধারায় সচেতনতা ঘটানো এবং তাদের একত্রি করণের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে তার বাস্তবায়নের মাধ্যমে অর্থনৈতিক মুক্তির ব্যবস্থা করা;
১১. প্রাকৃতিক কৃষি কর্মসূচিকে জনপ্রিয় করার মাধ্যমে ভারসাম্যপূর্ণ পরিবেশ গড়ে তোলা;
১২. প্রাকৃতিক পরিবেশের ভারসাম্য রক্ষার্থে নার্সারী, বনায়নের উপর প্রশিক্ষণ সহায়তা দেওয়া;
১৩. সুন্দর ও টেকসই পরিবেশ গঠনে এবং পরিবেশ সম্মত কর্মকান্ড গ্রহণে পৃষ্ঠপোষকতা প্রদান;
১৪. সংস্থার আওতামুক্ত এলাকার বিকলাঙ্গ ব্যক্তিদের জন্য কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি করা;
১৫. পরিবেশ জলবায়ু পরিবর্তনে সচেতনতা গড়ে তোলা;
১৬. এলাকার শিক্ষিত বেকার যুবকদের প্রশিক্ষণের সহায়তা করা।

**লক্ষ্যিত জনগোষ্ঠীঃ**

পিসিডি বিভিন্ন শ্রেণী, পেশার মানুষের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের পথে অন্তরায়সমুহ দূরীকরণে কাজ করে থাকে। সাধারণতঃ দরিদ্র ও অতি-দরিদ্র জনগোষ্ঠি, নারী, শিশু, কিশোর-কিশোরী, যুব সম্প্রদায়, প্রবীণ জনগোষ্ঠি, প্রতিবন্ধি, সুবিধা বঞ্চিত সংখ্যালঘু সম্প্রদায়, সুবিধাবঞ্চিত প্রান্তিক জনগোষ্ঠী ইত্যাদি ও বিভিন্ন পেশাজিবী যেমন ; প্রান্তিক কৃষক, দিনমজুর, শ্রমিক, ভ্যান/রিক্সাচালক, ক্ষুদ্র ব্যবসায়ী, ব্যবসায়ী, ক্ষুদ্র উদ্যোক্তা, তাঁতী, মাঝি, জেলে, বন্যা ও নদী ভাঙ্গলকবলিত চরাঞ্চলের মানুষ ইত্যাদি সংস্থার লক্ষিত জনগোষ্ঠি। সংস্থা পরিচালিত সকল কর্মসূচি/প্রকল্পের আওতায় বর্তমান সরাসরি উপকারভোগীর সংখ্যা প্রায় ৭৮,১৯৪ জন (নারী ৮০%), সংস্থার মূল কর্মসূচি ঋণ সহায়তা কর্মসূচির উপকারভোগির সংখ্যা ৫৫,১৯৪ যার প্রায় ৭৫% নারী।

**বর্তমান কর্মএলাকাঃ** সংস্থা বর্তমানে ০৩ টি বিভাগে, ০৫ টি জেলার ২০টি উপজেলার ১৫২টি ইউনিয়ন/পৌরসভা, ১২৭৮ গ্রামে কার্যক্রম বিস্তৃত করেছে।

| বিভাগ | জেলা | উপজেলা | | ইউনিয়ন/ পৌরসভা সংখ্যা | গ্রাম সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | নাম | সংখ্যা | | |
| রাজশাহী | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সদর, তাড়াশ, উল্লাপাড়া, শাহজাদপুর | ৪ | ২৮ | ২৩৮ |
| | পাবনা | পাবনা সদর, বেড়া, ভাঙ্গুড়া, সাথিয়া,ফরিদপুর, চাটমোহর, ইশ্বরদী,সুজানগর ও আটঘরিয়া | ৯ | ৮৪ | ৭৯৮ |
| | নাটোর | নাটোর সদর, বড়াইগ্রাম, গুরুদাসপুর, লালপুর | ৪ | ২৮ | ১৬৪ |
| খুলনা | কুষ্টিয়া | কুমারখালী, খোকসা | ২ | ১০ | ৭৫ |
| ঢাকা | রাজবাড়ী | ঈাংশা | ১ | ২ | ৩ |
| **সর্বমোট - ০৩** | **০৫** | -- | **২০** | **১৫২** | **১২৭৮** |

**সংস্থার জনবলঃ**

| ক্রমিক নং | কর্মীর ধরণ | মোট | পুরুষ | | নারী | |
|---|---|---|---|---|---|---|
| | | | মোট সংখ্যা | শতকরা হার | মোট সংখ্যা | শতকরা হার |
| ১ | উর্দ্ধতন পর্যায় | ৩৫ | ৩৪ | ৯৭% | ১ | ৩% |
| ২ | মধ্যম পর্যায় | ৪৬ | ৪৪ | ৯৬% | ২ | ৪% |
| ৩ | অধঃস্তন পর্যায় | ২৪৯ | ১৯৯ | ৮০% | ৫০ | ২০% |
| ৪ | অন্যান্য | ৫০ | ৪ | ৮% | ৪৬ | ৯২% |
| **মোট** | | **৩৮০** | **২৮১** | **৭৪%** | ৯৯ | **২৬%** |

**নোট ঃ** অন্যান্য এর আওতায় অফিস পর্যায়ে সার্ভিস স্টাফ রয়েছে যার মধ্যে ৪৬ জন আয়া যারা শাখা পর্যায়ে কর্মরত আছেন যার শতভাগ নারী।

**২০২৪-২০২৫ অর্থ-বছরে যে সকল কর্মসুচি/প্রকল্পের কার্যক্রম বাস্তবায়িত হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ ও চলতি বছরের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য**

## ১. মাইক্রো ফাইনান্স প্রোগ্রাম (Micro Finance Programme)

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | ০১.০১.১৯৯৫ তারিখ থেকে শুরু হয়ে নিয়মিতভাবে চলমান রয়েছে |
| **কর্মসূচির উদ্দেশ্য** | ঋণ সহায়তা সেবার মাধ্যমে লক্ষিত জনগোষ্ঠির কর্মসংস্থান সৃষ্টি, জীবনযাত্রার মান উন্নয়ন, দারিদ্রতা প্রশমন এবং আর্থিক ক্ষমতায়ন পাশাপাশি ঋণ সহযোগে আনুসঙ্গিক সেবার মাধ্যমে সামাজিক অবস্থার ইতিবাচক অগ্রগতি |
| **প্রধান কার্যক্রমসমুহ** | ক. প্রারম্ভিক (Baseline) জরিপ; খ. লক্ষ্যিত জনগোষ্ঠির স্থানীয় সংগঠন তৈরী; গ. উঠান বৈঠক ও অন্যান্য কার্যক্রমের মাধ্যমে সামাজিক সচেতনতা সৃষ্টি; ঘ. দলীয় গতিশীলতা, নেতৃত্ব উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি ও অধিকার বিষয়ক প্রশিক্ষণ; ঙ. সঞ্চয় গঠনে উদ্বুদ্ধকরণ; চ. আয় বৃদ্ধিমুলক কর্মকান্ড ও উদ্যোগ উন্নয়নে আর্থিক ও কারিগরী সহযোগিতা প্রদান। |
| **কর্ম এলাকা** | **বিভাগ ঃ** ৩ টি ( রাজশাহী, ঢাকা, খুলনা); **জেলা ঃ** ০৫ টি; **উপজেলা** ঃ ২০ টি; **ইউনিয়ন ঃ** ১৫২ টি; **গ্রাম ঃ ১**,২৭৮টি |
| **উপকারভোগী সংখ্যা** | **মোট ঃ** ৫৫,১৯৪ জন, **নারী ঃ** ৪১,৪৯১ জন, **পুরুষ ঃ** ১৩,৭০৩ জন |
| **কর্মসূচির জনবল** | **মোট ঃ ৩০০** জন, **নারী** ঃ ২২২ জন, **পুরুষ ঃ ৭৮** জন |
| **কর্মসূচির বাজেট** | **২০২৩-২৪ প্রকৃত ঃ** ৫৫৭.১৫ কোটি টাকা; **২০২৪-২৫ প্রস্তাবিত ঃ** ৬৩০.৮২ কোটি টাকা |
| **অর্থায়নকারী/অংশীদার সংস্থা** | পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন-পিকেএসএফ, বিভিন্ন ব্যাংক, সদস্য আমানত, নিজস্ব |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য (জুলাই ২০২৪ হতে নভেম্বর ২০২৪)**

| ক্রমিক নং | সম্পাদিত কার্যক্রম | চলতি বছর ২০২৪-২০২৫ এর (জুলাই ২০২৪ হতে নভেম্বর ২০২৪) | | অর্জন হার (%) | নভেম্বর-২০২৪/বছর শেষে স্থিতি |
|---|---|---|---|---|---|
| | | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | | |
| ১ | নীট শাখা বৃদ্ধি | ৮ টি | ০ টি | ০০% | জুন-২০২৪ শেষে ৪৬টি শাখা ছিল<br>পরিকল্পনা নূতন শাখা হবে ২০ টি<br>নভেম্বর-২০২৪ শেষে ৪৬টি শাখা আছে<br>নূতন কোন শাখা বৃদ্ধি পায়নি। |
| ২ | নীট সদস্য বৃদ্ধি | ৮,০০০ জন | ২,৬৮০ জন | ৩৪% | জুন শেষে ৫২,৫১৪ জন সদস্য ছিল<br>পরিকল্পনা নুতন সদস্য হবে ২০,০০০ জন<br>নভেম্বর শেষে সদস্য হয়েছে ৫৫,১৯৪ জন<br>নূতন সদস্য বৃদ্ধি পেয়েছে ২,৬৮০ জন |
| ৩ | নীট ঋণ গ্রহীতা বৃদ্ধি | ৪,০০০ জন | (৪১৪) জন | (১০)% | জুন শেষে ৩৬,৮২৮ জন ঋণী ছিল<br>পরিকল্পনা নুতন ঋণী হবে ১০,০০০ জন<br>নভেম্বর শেষে ঋণী হয়েছে ৩৬,৪১৪ জন<br>ঋণী হ্রাস পেয়েছে ৪১৪ জন |
| ৪ | নীট কর্মী বৃদ্ধি | ২৫ জন | ৪ জন | ১৬% | জুন শেষে ২৯৬ জন কর্মী ছিল<br>পরিকল্পনা নুতন কর্মী হবে আরও হবে ৭০ জন<br>নভেম্বর শেষে কর্মী আছে ৩০০ জন<br>কর্মী বৃদ্ধি পেয়েছে ০৪ জন |
| ৫ | ঋণ বিতরণ-টাকা | ১৮১ কোটি | ১৩১.৩০ কোটি | ৭৩% | বিগত বছর ঋণ বিতরণ হয়েছিল ৩১৭.৭৮ কোটি টাকা<br>চলতি বছর ঋণ বিতরণ হবে ৪৩৪.৪০ কোটি টাকা<br>নভেম্বর শেষে ঋণ বিতরণ হয়েছে ১৩১.৩০ কোটি টাকা |
| ৬ | ঋণ আদায়-টাকা | ১৪৭.২৩ কোটি | ১২২.৯১ কোটি | ৮৩.৪৮% | বিগত বছর ঋণ আদায় হয়েছিল ২৭৬.৪৩ কোটি টাকা<br>চলতি বছর ঋণ আদায় হবে ৩৫৩.৩৪ কোটি টাকা<br>নভেম্বর শেষে ঋণ আদায় হয়েছে ১২২.৯১ কোটি টাকা |
| ৭ | ঋণ স্থিতি বৃদ্ধি-টাকা | ৩৩.৭৮ কোটি | ৯.৪০ কোটি | ২৮% | বিগত বছর ঋণ স্থিতি ছিল ২১৭.৫৯ কোটি টাকা<br>চলতি বছর ঋণ স্থিতি হবে ২৯৮.৬৫ কোটি টাকা<br>নভেম্বর শেষে ঋণ স্থিতি আছে ২২৬.৯৯ কোটি টাকা<br>নভেম্বর শেষে ঋণ স্থিতি বৃদ্ধি হয়েছে ৯.৪০ কোটি টাকা |
| ৮ | সঞ্চয় আদায়-টাকা | ২১.২৫ কোটি | ১৬.৮০ কোটি | ৭৯% | বিগত বছর সঞ্চয় আদায় হয়েছিল ৩৭.৭৫ কোটি টাকা<br>চলতি বছর সঞ্চয় আদায় হবে ৫১.০১ কোটি টাকা<br>নভেম্বর শেষে সঞ্চয় আদায় হয়েছে ১৬.৮০ কোটি টাকা |
| ৯ | সঞ্চয় ফেরত-টাকা | ১০.৯৩ কোটি | ১৬.৬৪ কোটি | ১৫২% | বিগত বছর সঞ্চয় ফেরত হয়েছিল ৩০.৭৯ কোটি টাকা<br>চলতি বছর সঞ্চয় ফেরত হবে ২৬.২২ কোটি টাকা<br>নভেম্বর শেষে সঞ্চয় ফেরত হয়েছে ১৬.৬৪ কোটি টাকা |
| ১০ | সঞ্চয় স্থিতি বৃদ্ধি-টাকা | ১০.১৬ কোটি | (০.২১) কোটি | (২)% | বিগত বছর সঞ্চয় স্থিতি ছিল ৪২.৫৫ কোটি টাকা<br>চলতি বছর সঞ্চয় স্থিতি হবে ৬৬.৯৪ কোটি টাকা<br>নভেম্বর শেষে সঞ্চয় স্থিতি আছে ৪২.৩৪ কোটি টাকা<br>সঞ্চয় স্থিতি হ্রাস হয়েছে ০.২১ কোটি টাকা |
| ১১ | বকেয়া হ্রাস/বৃদ্ধি | | ৪.১৭ কোটি | | বিগত বছর বকেয়া স্থিতি ছিল ১৮.৩৬ কোটি টাকা<br>নভেম্বর শেষে বকেয়া স্থিতি আছে ২২.৫৩ কোটি টাকা<br>বকেয়া বৃদ্ধি পেয়েছে ৪.১৭ কোটি টাকা |
| ১২ | মোট আয়-টাকা | ২৭.৯৮ কোটি | ১১.০৪ কোটি | ৩৯.৪৬% | বিগত বছর আয় ছিল ৫৪.৫১ কোটি টাকা<br>চলতি বছর আয় হবে ৬৭.১৬ কোটি টাকা<br>নভেম্বর শেষে আয় হয়েছে ১১.০৪ কোটি টাকা |
| ১৩ | মোট ব্যয়-টাকা | ১৫.৪০ কোটি | ৯.৯৮ কোটি | ৬৪.৮১% | বিগত বছর ব্যয় ছিল ৩১.৪২ কোটি টাকা<br>চলতি বছর ব্যয় হবে ৩৬.৯৭ কোটি টাকা<br>নভেম্বর শেষে ব্যয় হয়েছে ৯.৯৮ কোটি টাকা |
| ১৪ | উদ্বৃত্ত আয়-টাকা | ১২.৫৮ কোটি | ১১.০৪ কোটি | ৮৭.৭৬% | বিগত বছর উদ্বৃত আয় ছিল ২৩.১০ কোটি টাকা<br>চলতি বছর উদ্বৃত আয় হবে ৩০.২০ কোটি টাকা<br>নভেম্বর শেষে উদ্বৃত আয় হয়েছে ১১.০৪ কোটি টাকা |
| ১৫ | সার্ভিস চার্জ আদায়-টাকা | ২৫.৮৪ কোটি | ১৯.৭২ কোটি | ৭৬.৩২% | বিগত বছর সার্ভিস চার্জ আদায় ছিল ৫০.১৯ কোটি টাকা<br>চলতি বছর সার্ভিস চার্জ আদায় হবে ৬২.০৩ কোটি টাকা<br>নভেম্বর শেষে সার্ভিস চার্জ আদায় হয়েছে ১৯.৭২ কোটি টাকা |

২) Rural Microenterprise Transformation Project (RMTP) 'নিরাপদ মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ' শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্প

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | ৩৩ মাস (জানুয়ারী ২০২৩ থেকে ৩০ সেপ্টেম্বর ২০২৫) |
| **কর্মসূচির উদ্দেশ্য** | • ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্য চাষী / মৎস্যজীবি পরিবার ও ক্ষুদ্র উদ্যাক্তাদের আয় বৃদ্ধি খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরন এবং পারিবারিক পুষ্টি উন্নয়ন ।<br>• নিরাপদ মৎস্য উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি<br>• প্রক্রিয়াজাত মৎস্য পণ্য ও উৎপাদন ও বাজারজাতকরণের মাধ্যমে উদ্যোক্তাদের আয় বৃদ্ধি<br>• স্থানীয় পর্যায়ে নিরাপদ মৎস্য চাষ উপকরণ ও আধুনিক চাষ প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি<br>• স্থানীয় পর্যায়ে সেবা বাজার তৈরির মাধ্যমে কর্মসংস্থান ও টেকসই খাত সৃষ্টি<br>• পরিবেশ, নিরাপদ ও পুষ্টিমান খাদ্য এবং জলবায়ু পরিবর্তন সংক্রান্ত বিষয়কে বিবেচনায় রেখে উৎপাদন ও বাজার ব্যবস্থা সৃষ্টি এবং উদ্যোগে নারী ও যুবকদের অংশগ্রহন বৃদ্ধি। |
| **প্রধান প্রধান কার্যক্রম সমুহ** | ক. গুনগতমানের মুক্তা উৎপাদন প্রযুক্তি সম্প্রসারণ খ. রেডি টু কুক, রেডি টু ইট মৎস্য ও মৎস্যজাত পন্য এর উদ্যোগ উন্নয়ন/স্থাপন পরিচালনা ও ব্যবস্থাপনা; গ. প্রযুক্তি নির্ভর নিরাপদ মাছ চাষ; ঘ. উত্তম মাছ চাষ, পুষ্টি, জলবায়ু বিষয়ক প্রশিক্ষণ; ঙ. স্থানীয় বাজার বা আড়ৎ এর মান উন্নয়ন চ. উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন; চ. ক্ষুদ্র উদ্যোক্তা ও উৎপাদনকারী সদস্যদের ব্যবসা ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ ও বাজার সংযোগ |
| **কর্ম এলাকা** | **জেলা ঃ** পাবনা **উপজেলা ঃ** ৩ টি , (পাবনা সদর, আটঘরিয়া,ঈশ্বরদী উপজেলা); ইউনিয়ন ১৫ টি; |
| **উপকারভোগীসংখ্যা** | **মোট ঃ** ৬,০৭১ জন, **নারী ঃ** ২২৪৬ জন, **পুরুষ ঃ** ৩৮২৫ জন |
| **কর্মসূচির জনবল** | **মোট ঃ** ৭ জন, **নারী ঃ** ০১ জন, **পুরুষ ঃ** ৬ জন |
| **বাজেট** | **মোট বাজেট: ২,১৭,২৩,০০০ টাকা (২০২৪-২৫ আর্থিক সালে ১,০৪, ৭১,৫৫৭/-)** |
| **অর্থায়নকারী/ অংশীদারসংস্থা** | IFAD , Embassy of Denmark, PKSF |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যান গত তথ্য (চলতি অর্থ বছরে জুলাই-২০২৪ হতে নভেম্বর ২০২৪ পর্যন্ত লক্ষ্যমাত্রা ও অগ্রগতি।)**

| **ক্রমিক নং** | **সম্পাদিত কার্যক্রম** | **লক্ষ্যমাত্রা** | **অগ্রগতি** | **অর্জনহার (%)** | **মন্তব্য** |
|---|---|---|---|---|---|
| ১ | মৎস্য ও চিংড়িচাষিদের উত্তম মৎস্যচাষ অনুশীলনের আলোকে মৎস্যচাষ ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ৫০ টি | ৫০ টি | ১০০% | অবশিষ্ট আছে ৬০ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২ | উৎপাদনকারী সংগঠনের নেতৃস্থানীয়দের নিয়ে পুষ্টি, জলবায়, পরিবেশগত ও সামাজিক ইস্যু ভিত্তিক প্রশিক্ষণ | ৪২ টি | ৪২ টি | ১০০ % | অবশিষ্ট আছে ২৭ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩ | ক্ষুদ্র ঋণ গ্রহিতা ও উৎপাদনকারী সংগঠনের সদস্যদের আর্থিক জ্ঞান বিষয়ে তথ্য ও পরিচিতিমূলক সভা (প্রতি ব্যাচে ২০ জন) | ৪২টি | ৪২টি | ১০০ % | অবশিষ্ট আছে ২৭ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৪ | ক্ষুদ্র উদ্যোক্তা/উৎপাদনকারীদের ফেসবুক পেইজ ও বিষয়বস্তু (content) প্রস্তুত বিষয়ক প্রশিক্ষণ (গড়ে প্রতি ব্যাচে ২০ জন) | ০১ টি | ০১ টি | ১০০% | অবশিষ্ট আছে ৩ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৫ | ক্ষুদ্র উদ্যোক্তা ও উৎপাদনকারী সমিতির সদস্যদের ব্যবসা ব্যবস্থাপনা (রেকর্ড কিপিং, লাভজনকতা, ক্যাশ ফ্লো-অ্যানালাইসিস ইত্যাদি) বিষয়ে প্রশিক্ষণ (প্রতি ব্যাচে ২৫ জন) | ০১ টি | ০১ টি | ১০০% | অবশিষ্ট আছে ২ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | মৎস্য চাষীদের মাটি ও পানি পরীক্ষায় উদ্বুদ্ধকরণে স্থানীয় সেবা প্রদানকারীদের কারিগরী সেবা প্রদানের জন্য উৎসাহ ভাতা প্রদান | ১৫৫টি | ১৫৫ টি | ১০০% | অবশিষ্ট আছে ৮৫ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৮ | প্রদর্শণী প্লটের ফলাফল প্রদর্শণের জন্য মাঠ দিবস আয়োজন। | ০২ টি | ০২ টি | ১০০% | অবশিষ্ট আছে ৬ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৯ | পরিবেশ বান্ধবভাবে মাছের সাথে ঝিনুক চাষ বিষয়ে মৎস্য চাষীদের প্রশিক্ষণ | ০১ টি | ০১ টি | ১০০% | সম্পন্ন |
| ১০ | নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ক অভিজ্ঞতা বিনিময় সফর | ০১ টি | ০১ টি | ১০০% | সম্পন্ন |
| ১১ | পুষ্টি বিষয়ক ভিডিও ডকুমেন্টরী প্রদর্শণ। | ১২টি | ১২ টি | ১০০% | অবশিষ্ট আছে ৩ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১২ | ত্রৈমাসিক সমন্বয় সভা , | ০১ টি | ০১ টি | ১০০% | অবশিষ্ট আছে ৩ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৩ | বন্যা ও প্রাকৃতিক দূর্যোগের সময় মৎস্য সম্পদ সংরক্ষণ এবং মৎস্য খামারে অপ্রচলিত রাসায়নিক পদার্থ/ এন্টিবায়োটিক, রাসায়নিক সার, খাবার মাত্রাতিরিক্ত প্রয়োগের ক্ষতিকর প্রভাব বিষয়ক প্রশিক্ষণ | ০১ টি | ০১ টি | ১০০% | অবশিষ্ট আছে ৪ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৪ | লিড ফার্মার ও অন্যান্য স্থানীয় সেবা প্রদানকারীদের (মাছের ডাক্তার) উত্তম মৎস্য চাষ অনুশীলন ও মৎস্য চাষে আধুনিক প্রযুক্তি ব্যবহার বিষয়ক প্রশিক্ষণ (প্রতি ব্যাচে ২৫ জন) | ০১ টি | ০১ টি | ১০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৫ | সহযোগী সংস্থার মাধ্যমে তাদের প্রশিক্ষকদের আর্থিক জ্ঞান বিষয়ে টিওটি (প্রশিক্ষকদের প্রশিক্ষণ) প্রদান | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৬ | মাস্টার ট্রেইনারদের প্রশিক্ষণ ও HACCP প্রটোকল উন্নয়ন (১৫ জন, ০২ দিন) | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৭ | লিড ফার্মার ও গ্রুপের সদস্যদের GAP,BAPও HACCAP প্রটোকল বিষয়ে প্রশিক্ষণ (প্রতি ব্যাচে ৩০ জন)/লিড মৎস্য উৎপাদনকারীদেরকে গুড এ্যাকুয়াকালচার প্রাকটিস ও ফার্ম সার্টিফিকেশন বিষয়ে প্রশিক্ষণ | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১৫ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৮ | উদ্যোক্তা/মৎস্যচাষিদের অডিট/সার্টিফিকেশন এবং GMP, BAP ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ (প্রতি ব্যাচে ৩০ জন) | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১৬ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ১৯ | প্রক্রিয়াজাতকরণ প্লান্টে/খামার অডিট ও উৎপাদিত পণ্যের সার্টিফিকেশনে উদ্যোক্তাদের সহায়তাকরণ | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ৬ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২০ | বাজারজাতকরণ ও উদ্যোগ প্রদর্শন মেলা: মৎস্য সপ্তাহ/উন্নয়ন মেলা/সীফুড মেলা/সরকারী অন্যান্য অনুষ্ঠানে অংশগ্রহণ | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২১ | বিশেষায়িত এগ্রিবিজনেস পরামর্শক কর্তৃক কারিগরী সেবা ও স্টাডি: পলিসি ও বিভিন্ন প্রযুক্তির কার্যকরীতা বিষয়ক তথ্য সংগ্রহে কনসালটেন্সি কাজ সম্পাদন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২২ | মৎস্য ও মৎস্যজাত পণ্য দেশীয় ও আন্তর্জাতিক বাজারে বাজারজাতকরণ বিষয়ক প্রশিক্ষণ | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২৩ | ক্ষুদ্র উদ্যোক্তা/উৎপাদনকারীদের ফেসবুক পেইজ বুস্টিং এর জন্য সহায়তা প্রদান | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১০ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৪ | স্বল্প খরচে স্থানীয়ভাবে IOT প্রযুক্তির সেন্সর অ্যাসেম্বল পাইলটিং ও তার ব্যবহার সম্প্রসারণের লক্ষ্যে সহায়তা প্রদান | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২৫ | মৎস্য খামার/পুকুর/হ্যাচারি- এর পানির গুণাগুন পর্যবেক্ষনের লক্ষ্যে IOT প্রযুক্তি ব্যবহার পাইলটিং | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২৬ | আধা-নিবিড় পদ্ধতিতে নিরাপদ মাছ ও গলদা চিংড়ি চাষ বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণের জন্য প্রদর্শনী প্লট স্থাপন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১০ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২৭ | নিরাপদ মৎস্য উৎপাদনে নিবিড় পদ্ধতিতে (ট্যাংকে মাছ চাষ/ পুকুরে বটম ক্লিনিং/আরএএস/বায়োফ্লক অথবা অন্য কোন নতুন প্রযুক্তি) মৎস্য চাষ প্রযুক্তির প্রদর্শনী স্থাপন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ২ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২৮ | ফার্ম মেকানাইজেশন ও স্মার্ট এ্যাকোয়াকালচার সোল্যুশান (অ্যারেটর, ফিডিং ট্রে ইত্যাদি)- এর ব্যবহার করে উচ্চ মূল্যের মাছ চাষ প্রযুক্তি সম্প্রসারণ বিষয়ক প্রদর্শনী প্লট স্থাপন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ৭ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ২৯ | দ্রুত বর্ধনশীল মাছ (হালদা নদী উৎস, সুবর্ণ রুই ও জি-৩ রুই) ও গলদা চিংড়ির পিএল নার্সিং-এর জন্য নার্সারারদের সহায়তা প্রদান | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ৪ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩০ | স্বাদু পানির পুকুরে ঝিনুক চাষের মাধ্যমে মুক্তা উৎপাদন বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণের জন্য প্রদর্শনী প্লট স্থাপন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ৭ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩১ | নিরাপদ মৎস্য উৎপাদনে প্রোবায়োটিক ব্যবহার বিষয়ক প্রযুক্তি সম্প্রসারণের জন্য প্রদর্শনী প্লট স্থাপন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ৫ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩২ | ক্ষুদ্র উদ্যোগে মূল্য সংযোজিত মৎস্য পণ্য (ফিস বল, ফিস কাটলেট, ফিস স্টিক, ফিস ফ্রাই, ফিস বারবিকিউ, ইলিশ বারবিকিউ ইত্যাদি) উৎপাদন ও বাজারজাতকরণে উদ্যোক্তাদের সহায়তা প্রদান | টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ২ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩৩ | স্থানীয় মাছের বাজার বা আড়তের মান উন্নয়ন (স্লটারিং হাউস, এসএস গ্রেডিং টেবিল, এসএস বেসিন, প্লাস্টিক ক্রেট, আইস ক্রাশার, সুপেয় পানি সরবরাহ, কুল চেইন উন্নয়ন, স্যানিটেশন ও হাইজিন ইত্যাদি) | টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ২ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩৪ | ঝিনুক দিয়ে তৈরিকৃত বিভিন্ন অলংকার সামগ্রী/চুন তৈরি প্রদর্শনী ও বিক্রয় কেন্দ্র স্থাপনে উদ্যোক্তাকে সহায়তা প্রদান | ১ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩৫ | নিরাপদ মৎস্য পণ্যের বাজার সম্প্রসারণের লক্ষ্যে ব্যবসায়ী ও সংশ্লিষ্ট এক্টরদের নিয়ে বাজার সংযোগ কর্মশালা আয়োজন | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ২ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩৬ | ক্ষুদ্র উদ্যোক্তাদের কারখানায়/ফার্মে শোভন কর্ম পরিবেশ সৃষ্টিতে উদ্যোক্তাদের সহায়তা প্রদান | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩৭ | প্রকল্পভুক্ত জনবল ও নির্বাচিত উদ্যোক্তাদের ব্যবসায়িক পরিকল্পনা প্রণয়ন, নতুনপণ্য উৎপাদন, বাজারজাতকরণ ও ব্রান্ডিং বিষয়ে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | ০ টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৩৮ | সেবা প্রদানকারী ও চাষীদের নিরাপদ মৎস্য উৎপাদন বিষয়ে উৎসাহিত করতে মেন্টরিং প্রোগ্রাম আয়োজন ও সম্মাননা প্রদান | ০ টি | ০০ টি | ০০% | অবশিষ্ট আছে ২ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩৯ | মৎস্য চাষীদের মাটি ও পানি পরীক্ষায় উদ্বুদ্ধকরণে স্থানীয় সেবা প্রদানকারীদের মাধ্যমে ক্যাম্পেইন আয়োজন করা | ০ টি | ০০ টি | ০০% | অবশিষ্ট আছে ৩ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |
| ৪০ | ক্ষুদ্র উদ্যোগে প্রক্রিয়াজাত মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ বিষয়ে স্থানীয় প্রশাসন, মৎস্য অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর ও মান নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে গোল টেবিল বৈঠক/পলিসি ডায়ালগ | ০টি | ০ টি | ০০% | অবশিষ্ট আছে ১ ব্যাচ যা চলতি অর্থ বছরে বাস্তবায়িত হবে |

## ৩) সরিষার নিরাপদ ভোজ্য তেল উৎপাদন ও বাজারজাতকরনের মাধ্যমে উদ্দোক্তাদের আয়-বৃদ্ধি শীষক উপ-প্রকল্প ।

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | ২ বছর ৬ মাস |
| **কর্মসূচির উদ্দেশ্য** | সরিষার নিরাপদ ভৌজ্য তেল উৎপাদন, বাজার- জাত করনের মাধ্যমে উদ্যোক্তাদের আয়- বৃদ্ধি, জৈব পদ্ধতিতে উচ্চ ফলনশীল জাতের সরিষা উৎপাদন |
| **প্রধান প্রধান কার্যক্রম সমুহ** | উচ্চ ফলনশীল জাতের সরিষা উৎপাদন প্রদর্শণী প্লট স্থাপন , তেল প্রক্রিয়াজাতকরণের উপর উদ্দ্যোক্তাদের প্রণোদনা প্রদান, মাঠ দিবস আয়োজন,বাজার সংযোগ সভা,ব্যানিজ্যিক কেঁচো সার উৎপাদন । |
| **কর্ম এলাকা** | পাবনা জেলার চাটমোহর উপজেলা |
| **উপকারভোগীসংখ্যা** | ৭০০ জন (পুরুষঃ ৫৪০ মহিলাঃ ১৬০) |
| **কর্মসূচির জনবল** | ০১ জন |
| **বাজেট** | সর্বমোট বাজেট= ৭০ লক্ষ টাকা, এ বছর বাজেট= ১৬.৪৮ লক্ষ টাকা |
| **অর্থায়নকারী/ অংশীদারসংস্থা** | পল্লী কম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যান গত তথ্য (চলতি অর্থ বছরে জুলাই-২০২৪ হতে নভেম্বর ২০২৪ পর্যন্ত লক্ষ্যমাত্রা ও অগ্রগতি।)**

| ক্রমিক নং | সম্পাদিত কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অর্জনহার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | কৃষকদের উচ্চ ফলনশীল জাতের সরিষা উৎপাদন বিষয়ক ওরিয়েন্টশন | ৫ ব্যাচ | ৫ | ১০০% | |
| ২ | উচ্চ ফলনশীল জাতের সরিষা উৎপাদন প্রদর্শণী প্লট স্থাপন | ৩০০ জন | ৩০০ জন | ১০০% | |
| ৩ | অন্যান্য তেলবীজ ( তিল/ সূর্যমুখী / পেরিলা / বাদাম) ফসলের প্রদর্শণী প্লট স্থাপন | ২৫ জন | ০ | ০% | মাচ -২০২৫ মাসে বাস্তবায়ন হবে |
| ৪ | বীজ তৈরীর জন্য অনুদান সহায়তা | ৩ জন | ৩ জন | ১০০% | |
| ৫ | ব্যানিজ্যিক কেঁচো সার উৎপাদন প্রদর্শণী প্লট | ৪ জন | ২ জন | ৫০% | অবশিষ্টআছে ৩টি যা চলতি মাসে বাস্তবায়িত হবে |
| ৬ | মাটির গুনাগুন পরীক্ষায় উদ্দ্যোক্তাদের প্রণোদনা প্রদান | ৪০ জন | ৪০ জন | ১০০% | |
| ৮ | সাইনবোড তৈরী | ১০০ | ২৫ | ২৫% | অবশিষ্টআছে ৭৫টি যা চলতি মাসে বাস্তবায়িত হবে। |
| ৯ | মাঠ দিবস আয়োজন | ৪ | ০ | ০% | অবশিষ্টআছে ৪টি যা চলতি অর্থ বছওে বাস্তবায়িত হবে |
| ১৪ | প্রডাক্ট লঞ্চিং প্রোগ্রাম আয়োজন | ১ | ০ | ০% | অবশিষ্টআছে ১টি যা চলতি অর্থ বছওে বাস্তবায়িত হবে |
| ২২ | উপ প্রকল্পের চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন | ১ | ০ | ০% | অবশিষ্টআছে ১টি যা চলতি অর্থ বছওে বাস্তবায়িত হবে |

৪) প্রকল্পের নাম: **Recovery & Advancement of Informal Sector Employment (RAISE)**

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | ০১.০৭.২০২২ থেকে ৩০.০৬.২০২৫ (বর্তমান চুক্তি) |
| **কর্মসূচির উদ্দেশ্য** | কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র উদ্যোক্তাদের ব্যবসায়ীক কার্যক্রম পুনরুদ্ধারে অর্থায়ন ও উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি; স্বল্প আয়ের পরিবারভুক্ত তরুণদের Apprenticeship পদ্ধতিতে প্রশিক্ষণ প্রদান; পিছিয়ে পড়া ক্ষুদ্র উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে উদ্যোগের সম্প্রসারণে অর্থায়ন। |
| **প্রধান প্রধান কার্যক্রমসমুহ** | ক. কোভিড-১৯ এ ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র উদ্যোক্তাদের সহজ শর্তে অর্থায়ন এবং 'ঝুঁকি ব্যবস্থাপনা ও ব্যবসায় ধারাবাহিকতা' বিষয়ক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের ব্যাবসা/উদ্যোগকে পুনরায় চালু করতে সহযোগীতা করা;<br><br>খ. পিছিয়ে পড়া ক্ষুদ্র উদ্যোক্তাদের উপযুক্ত অর্থায়নের মাধ্যমে উদ্যোগ সম্প্রসারণ ও টেকসই বর্মসংস্থান করা; ব্যবসায় ব্যবস্থাপনা, উদ্যোগ উন্নয়ন ও জীবন দক্ষতা উন্নয়নের লক্ষে ২মাস/৯৬ ঘন্টা মেয়াদী 'ব্যাবসায় ব্যবস্থাপনা ও উদ্যোগ উন্নয়ন' প্রশিক্ষণ প্রদান;<br><br>গ. স্বল্প আয়ের পরিবারভুক্ত ১৮-৩৫ বয়সী বেকার তরুণ ছেলেমেয়েদের শিক্ষানবিশি প্রশিক্ষণের আওতায় 'গুরু-শিষ্য' পদ্ধতিতে বিভিন্ন ট্রেডের উপর হাতে-কলমে ৬মাস মেয়াদী কারিগরি প্রশিক্ষণ প্রদান;<br>ঘ. প্রকল্পের আওতায় মাস্টার ক্রাফটস্পার্সন (সফল উদ্যোক্তা) নির্বাচন এবং তাদের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ঋণ প্রদান।<br>ঙ. প্রকল্প এলাকায় আউটরিচ কার্যক্রমের মাধ্যমে প্রকল্পের বিভিন্ন সুযোগ সুবিধাসমূহ জনসাধারণকে অবহিত করা এবং লক্ষিত জনগোষ্ঠীকে প্রকল্পভুক্ত করা। |
| কর্মএলাকা | মোট জেলা: ৩টি; পাবনা, নাটোর, সিরাজগঞ্জ। মোট উপজেলা ১২টি। । পাবনা জেলার ০৯টি উপজেলায় ২৪টি শাখা; সিরাজগঞ্জ জেলার ২টি উপজেলার ৩টি শাখায় এবয় নাটোর জেলার ১টি উপজেলায় ২টি শাখা। |
| **উপকারভোগী সংখ্যা** | কোভিড-১৯ ক্ষতিগ্রস্থ উদ্যোক্তা-১২০০ জন (পুরুষ-৬১১জন নারী-৫৮৯ জন)।<br>স্বল্প আয়ের পরিবারভুক্ত ১৮-৩৫ বয়সী ৫৭০জন তরুণ। (চলমান)<br>পিছিয়ে পড়া ক্ষুদ্র উদ্যোক্তা ১৪৮৭ জন। (চলমান) |
| **কর্মসূচির জনবল** | **মোট ঃ ৪ জন** |
| **বাজেট** | **২০২৪-২০২৫ অর্থবছরে-১,৮৯,৫০,০৬৭/- (চলমান)**<br>**২০২৩-২০২৪ অর্থবছরে ২,৩২,০৩,৫৭৭/- (চলামান)**<br>**২০২২-২০২৩ অর্থবছরে ১,০৯,১৭,৮৩০/- (সমাপ্ত)** |
| **অর্থায়নকারী/অংশীদারসংস্থা** | PKSF,World Bank |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য (চলতি অর্থ বছরে জুলাই-২০২৪ হতে নভেম্বর ২০২৪ পর্যন্ত লক্ষ্যমাত্রা ও অগ্রগতি বসাতে হবে।)**

| ক্রমিক নং | সম্পাদিত কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অর্জন হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | তরুণ উদ্যোক্তা ঋণ বিতরণ (জন) | ১৪৮৭জন | ১১৩৭জন | ৭৭% | ঋণ বিতরণ চলমান রয়েছে। |
| ০২ | তরুণ উদ্যোক্তা ঋণ বিতরণ (টাকা) | ১৫.৫২ কোটি | ১৪.৮৫ কোটি | ৯৫% | ঋণ বিতরণ চলমান রয়েছে। |
| ০৩ | এমসিপি ঋণ বিতরণ (জন) | ১৫ জন | ৫ জন | ৩৩% | ঋণ বিতরণ চলমান রয়েছে। |
| ০৪ | এমসিপি. ঋণ বিতরণ (টাকা) | ৩০ লক্ষ | ১০ লক্ষ | ৩৩% | ঋণ বিতরণ চলমান রয়েছে। |
| ০৫ | এপিটি. ঋণ বিতরণ (জন) | ১০জন | ০১ | ১০% | ঋণ বিতরণ চলমান রয়েছে। |
| ০৬ | এপিটি. ঋণ বিতরণ (টাকা) | ৩১লক্ষ | ৩লক্ষ | ১০% | ঋণ বিতরণ চলমান রয়েছে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৭ | বিএমইডি প্রশিক্ষণ প্রদান | ২৭ ব্যাচ | ১৪ ব্যাচ | ৫২% | অবশিষ্ট আছে ১৩টি। এই প্রশিক্ষণ লক্ষমাত্রা অনুযায়ী সম্পন্ন করতে সংস্থার প্রশিক্ষণ পুলের সহযোগীতা বিশেষভাবে প্রয়োজন। |
| ০৮ | মাস্টার ক্রাফ্টস পার্সন (এমসিপি) নির্বাচন | ৭৫ জন | ৭৫ জন | ১০০% | |
| ০৯ | শিক্ষানবিশ নির্বাচন | ২৫০জন | ২৫০জন | ১০০% | |
| ১০ | শিক্ষানবিশি কার্যক্রম সম্পন্নকরণ | ২৫০ জন | ২৫০জন | ১০০% | |
| ১১ | আউটরিচ কর্মসূচিতে অন্তর্ভূক্তকরণ | ১০০০জন | ৭৪০ জন | ৭৫% | আউটরিচ কর্মসূচি চলমান রয়েছে |
| ১২ | পূনঃভরণ প্রেরণ ও প্রাপ্তী | ০১টি | ০১টি | ১০০% | |
| ১৩ | আর্থিক বিবরণী প্রেরণ (এসওই) | ০৫টি | ০৫টি | ১০০% | |
| ১৪ | মাসিক প্রতিবেদন প্রেরণ (কার্যক্রম) | ০৫টি | ০৫টি | ১০০% | |
| ১৫ | প্রশিক্ষণপ্রাপ্তদের অনলাইন রেজিস্ট্রেশন | ৬৪০জন | ৬৪০জন | ১০০% | |

**৪.প্রকল্পের নাম:দারিদ্র্যতা দূরিকরণের লক্ষ্যে দরিদ্র পরিবারের সম্পদ ও সক্ষমতা বৃদ্ধি-সমৃদ্ধি কর্মসূচি(Enhance Resources and Increasing Capacities of Poor Households Towards Elimination of Poverty-ENRICH Programme)**

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | ০১.০৮.২০১৩ থেকে চলমান |
| **কর্মসূচিরউদ্দেশ্য** | দরিদ্র পরিবার সমুহের দক্ষতা ও সম্পদ বৃদ্ধির মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন ও দারিদ্র বিমোচন |
| **প্রধান প্রধান কার্যক্রমসমুহ** | ক. জরিপ ও ডাটাবেজ তৈরী; খ. পারিবার উন্নয়ন কর্ম-পরিকল্পনা তৈরী; গ. স্বাস্থ্য পরিসেবা; পরিবার ভত্তিক স্বাস্থ্য সেবা, স্যাটেলাইট ও স্টাটিক ক্লিনিক, স্বাস্থ্য ক্যাম্প, রেফারেল সেবা; ঘ. শিক্ষা কার্যক্রম; শিক্ষা কেন্দ্রে পাঠদানের মাধ্যমে ঝরে পড়া রোধ, নীতি নৈতিকতা শিক্ষা, সামগ্রিক শিক্ষার মান উন্নয়ন; ঙ. বসত ভিটায় শাক-সবজী চাষ খামার স্থাপন; চ. পরিবার ভিত্তিক আয়-বৃদ্ধিমূলক কর্মকান্ড পরিচালনা ও ঋণ সহায়তা; ছ. বিশেষ সঞ্চয় প্রকল্প; জ. কমিউনিটি উন্নয়ন কার্যক্রম; কমন স্যানিটারী ল্যাট্রিন ও নলকূপ স্থাপন, কালভার্ট ও বাঁশের সাঁকো স্থাপন; ঝ. দরিদ্র পরিবারে বিনামূল্যে স্যানিটারী ল্যাট্রিন স্থাপন ঞ. হাতধোঁয়া কার্যক্রম । |
| **কর্মএলাকা** | **জেলা** ঃ পাবনা, উপজেলা ঃ ; চাটমোহর |
| **উপকারভোগী সংখ্যা** | **মোট** ঃ ১৪৯৪১ জন |
| **কর্মসূচির জনবল** | **মোট** ঃ ০৩ জন; **নারী** ঃ ০১ জন; **পুরুষ** ঃ ০২ জন এবং ১৭ জন নারী স্বেচ্ছাসেবক |
| **বাজেট** | **২০২৩-২৪ প্রকৃত** ঃ ২৩৫১৭৮০ টাকা, **২০২৪-২৫** ঃ ৩২৩৬৫০ টাকা(জুলাই থেকে সেপ্টেম্বর-২০২৪ ইং পর্যন্ত) |
| **অর্থায়নকারী/অংশীদারসংস্থা** | পিকেএসএফ ও পিসিডি |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য (চলতি অর্থ বছরে জুলাই-২০২৪ হতেনভেম্বর ২০২৪ পর্যন্ত লক্ষ্যমাত্রা ও অগ্রগতি ।)**

| ক্রমিক নং | সম্পাদিতকার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অর্জনহার (%) | ক্রমপুঞ্জীভূত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | খানাপরিদর্শন | ৩৫৬০ | ৩৫৬০ | ১০০% | ৩৫৬০ | |
| ২ | স্বাস্থ্য সচেতনতা মূলকসভা আয়োজন | ৮৪ | ৮৪ | ১০০% | ৩৫৮৯ | |
| ৩ | স্টাটিক ক্লিনিক | ৪৮ | ২১ | ৪৪% | ১৭২৪ | |
| ৪ | স্টাটিক ক্লিনিকে রোগীস ংখ্যা | ৩০০ | ১৫৪ | ৫১% | ১১৬৭৯ | |
| ৫ | স্যাটেলাইট ক্লিনিক | ২ | ২ | ১০০% | ৩৬৯ | |
| ৬ | স্যাটেলাইট ক্লিনিকে রোগী সংখ্যা | ৫০ | ৫৪ | ১০৮% | ১০১০৫ | |
| ৭ | স্বাস্থ্য ক্যাম্প আয়োজন | ০ | ০ | ০% | ৩০ | |
| ৮ | স্বাস্থ্য ক্যাম্পে রোগী সংখ্যা | ০ | ০ | ০% | ৩৯০৬ | |
| ৯ | চোখের ছানী অপারেশন ক্যাম্প | ২ | ২ | ০% | ০৮ | |
| ১০ | চোখের ছানী রোগী সংখ্যা | ০ | ০ | ০% | ১৪৯ | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১১ | স্বাস্থ্য কার্ড বিক্রয় | ০ | ০ | ০% | ৭৬৬৮ | |
| ১২ | ডায়াবেটিক পরীক্ষা করা | ২৫০ | ২৮০ | ১১২% | ১২১৩৩ | |
| ১৩ | রক্তের গ্রুপপ রীক্ষা করা | ০ | ০ | ০% | ৬৫০ | |
| ১৪ | গর্ভবতী মায়ের সেবা | ১৮০ | ১৮০ | ১০০% | ২৮০৪ | |
| ১৫ | প্রসুতি মায়ের সেবা | ৬৫০ | ৬৫০ | ১০০% | ৮৭০১ | |
| ১৬ | কৃমিনাশক ঔষধ বিতরন | ০ | ০ | ০% | ৮০০০ | |
| ১৭ | আয়রন ক্যাপসুল বিতরন | ০ | ০ | ০% | ১৯৭০০ | |
| ১৮ | ক্যালসিয়াম ট্যাবলেট বিতরন | ০ | ০ | ০% | ২১৯০০ | |
| ১৯ | পুষ্টিকণা বিতরন | ০ | ০ | ০% | ৪৮৭৪ | |
| ২০ | শিক্ষা কেন্দ্র পরিচালনা | ১০ | ১০ | ১০০% | ২৫ | |
| ২১ | শিক্ষা কেন্দ্রে শিক্ষার্থী মোটসংখ্যা | ২৫০ | ২৫০ | ১০০% | ৬২৫ | |
| ২২ | দিবস উদযাপন | ০ | ০ | ০% | ২৪ | |
| ২৩ | ভিক্ষুক পূনর্বাসন | ০ | ০ | ০% | ০৮ | |
| ২৪ | আইজিএ প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন (ব্যাচ) | ০ | ০ | ০% | ৫৯ ব্যাচ | |
| ২৫ | উন্নয়নে যুবসমাজের “স্বপ্নআমার উদ্যোক্তা হবো”শীর্ষক প্রশিক্ষণ | ০ | ০ | ০% | ৩৯ | |
| ২৬ | শিক্ষিকাদের বিষয় ভিত্তিক মৌলিক প্রশিক্ষণ | ০ | ০ | ০% | ২৫ | |
| ২৭ | স্বাস্থ্য পরিদর্শকদের স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক মৌলিক প্রশিক্ষণ | ০ | ০ | ০% | ০৭ | |
| ২৮ | সমৃদ্ধি ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রম (ওয়ার্ড ও ইউনিয়ন) | ০ | ০ | ০% | ০৬ | |
| ২৯ | শিক্ষিকাদের মাসিক মিটিং | ০৩টি | ০৩টি | ১০০% | ১২০ টি | |
| ৩০ | স্বাস্থ্য পরিদর্শকদের মাসিকমিটিং | ০৩টি | ০৩টি | ১০০% | ১২০ টি | |
| ৩১ | সমৃদ্ধি ওয়ার্ড সমন্বয়সভা | ০৯টি | ০৯টি | ১০০% | ১৬০ টি | |
| ৩২ | যুব ওয়ার্ড সমন্বয় সভা | ০৯টি | ০৯টি | ১০০% | ১৬৮ টি | |
| ৩৩ | সমৃদ্ধি ইউনিয়ন সমন্বয় সভা | ০ | ০ | ০% | ১০ টি | |
| ৩৪ | ইউনিয়ন যুব কমিটির সমন্বয় সভা | ০ | ০ | ০% | ১০ টি | |
| ৩৫ | সমৃদ্ধি বাড়ি তৈরি | ০ | ০ | ০% | ৭০ টি | |
| ৩৬ | ভার্মী কম্পোষ্ট প্ল্যান্ট স্থাপন | ০ | ০ | ০% | ১৯ টি | |
| ৩৭ | বাসক চাষ | ০ | ০ | ০% | ০ | |
| | **ঋণ কার্যক্রম ও বিতরণ** | | | | | |
| ৩৮ | আইজিএ ঋণ | **৬,০০০০০০০** | **১,০৬,৪৫,০০০** | ১৮% | ২৩১০৭০০০০ | |
| | জীব নযাত্রার মান উন্নয়ন ঋণ | ১,০০০০০ | ৩০,০০০ | ৩০% | ৪২,৭১,০০০ | |
| | সম্পদ সৃষ্টি ঋণ বিতরন | ১৫,০০০০০ | ৪,৭৭০০০ | ৩২% | ১,৭৯,৩১০০০ | |
| ৩৯ | **ঋণ আদায়** | | | | | |
| | আইজিএ ঋণ | ১,৩৩,৫০,৫১৮ | ১,২৮,০০৮১৭ | ৯৫% | ১৮৯৩৬০২৬১ | |
| | জীবন যাত্রার মান উন্নয়ন ঋণ | ১১৫০৫৩০ | ১০৩৫৪৮০ | ৯০% | ৪১২৪১৫৬ | |
| | সম্পদ সৃষ্টি ঋণ বিতরন | ১১,০৩,৫৩০ | ১০৭২০০২ | ৯৭% | ১৬৪০৭৭৪২ | |

নোটঃ বর্তমানে কর্মসূচিটি গুনাইগাছা শাখা ক্লোজ করে ভাঙ্গুড়া শাখার মন্ডোতোষ ইউনিয়নে স্থানান্তরিত হওয়ার কারনে নতুন বাজেট এবং কার্যক্রমের সঠিক দিক নির্দেশনা না থাকায় অর্থবছরের লক্ষ্যমাত্রা ও অর্জন প্রদান করা সম্ভব হচ্ছেনা। বর্তমানে উক্ত ইউনিয়নে জরিপ ও শিক্ষক, স্বাস্থ্য পরিদর্শক নিয়োগ কার্যক্রম চলছে।

**৫. মানব মূলধন উন্নয়নে বাংলাদেশ গ্রামীণ পানি, স্যানিটেশন ও হাইজিন ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প (BD Rural WASH for HCD) :**

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | জুলাই ০১, ২০২৪ তারিখ থেকে চলমান |
| **প্রকল্পের উদ্দেশ্য** | নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থায় গ্রামীন এলাকার মানুষের প্রবেশাধিকার নিশ্চিৎ করা; এবং পানি ও স্যানিটেশনে প্রাতিষ্ঠানিক দক্ষতা শক্তিশালীকরণ। |
| **প্রধান প্রধান কার্যক্রমসমুহ** | পানি, স্যানিটেশন ও পরিস্কার পরিচ্ছন্নতা উন্নয়নে খানা ভিত্তিক ঋণ, পানি, স্যানিটেশন ও হাইজিন বাজার উন্নয়নে খানাভিত্তিক উদ্যোগ ঋণ এবং পানি, স্বাস্থ্য ও পরিস্কার পরিচ্ছন্নতা প্রচারণা; এবং ওয়াশ বাজার উন্নয়ন সেবার মান বৃদ্ধি । |
| **কর্ম এলাকা** | বিভাগ-রাজশাহী; জেলা- ১ (পাবনা) ; উপজেলা- ২ (ঈশ্বরদী ও পাবনা সদর); ইউনিয়ন-৩৫ টি; |
| **উপকারভোগী সংখ্যা** | মোট ঃ ১৫০০ জন; |
| **কর্মসূচির জনবল** | মোট ঃ ১ জন । |
| **বাজেট** | ২০২৩-২৪ অনুদান- ৩০,০০,০০০ টাকা, প্রস্তাবিত লোন ঃ ২,৫০,০০,০০০ টাকা |
| **অর্থায়নকারী/অংশীদার সংস্থা** | The World Bank & PKSF |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য**

| ক্রমিকনং | সম্পাদিত কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অর্জন হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | টু পিট ল্যাট্রিন তৈরী | ৪৭০ | ৬৮ | ১৫% | প্রকল্পের কাজ দেরীতে শুরু হওয়া এবং প্রয়োজনীয় জনবল না থাকায় অর্জন কম হয়েছে। |
| ২ | নিরাপদ পানি ব্যবস্থাপনা | ৪৭০ | ২১ | ৫% | প্রকল্পের কাজ দেরীতে শুরু হওয়া এবং প্রয়োজনীয় জনবল না থাকায় অর্জন কম। |
| ৩ | উঠান বৈঠক/বিসিসি সেশন | ১৩৯০ | ২১৫ | ১৬% | প্রকল্পের কাজ দেরীতে শুরু হওয়া এবং প্রয়োজনীয় জনবল না থাকায় অর্জন কম হয়েছে। |

**৬. ওয়াটার ক্রেডিট এডাপশান প্রকল্প (Water Credit Adoption Project-WCAD) :**

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | এপ্রিল ০১, ২০২৪ তারিখ থেকে চলমান এপ্রিল ৩০, ২০২৫ পর্যন্ত |
| **প্রকল্পের উদ্দেশ্য** | নিরাপদ পানি ও স্যানিটেশন ব্যবস্থায় গ্রামীন এলাকার মানুষের প্রবেশাধিকার নিশ্চিৎ করা; এবং পানি ও স্যানিটেশনে প্রাতিষ্ঠানিক দক্ষতা শক্তিশালীকরণ। |
| **প্রধান প্রধান কার্যক্রমসমুহ** | পানি, স্যানিটেশন ও পরিস্কার পরিচ্ছন্নতা উন্নয়নে খানা ভিত্তিক ঋণ, পানি, স্যানিটেশন ও হাইজিন বাজার উন্নয়নে খানাভিত্তিক উদ্যোগ ঋণ এবং পানি, স্বাস্থ্য ও পরিস্কার পরিচ্ছন্নতা প্রচারণা; এবং ওয়াশ বাজার উন্নয়ন সেবার মান বৃদ্ধি । |
| **কর্ম এলাকা** | বিভাগ-রাজশাহী; জেলা- ২ (পাবনা, নাটোর) ; উপজেলা- ১০ (চাটমোহর, ভাঙ্গুরা, ফরিদপুর, পাবনা সদর, দেবোত্তর, ঈশ্বরদী, রাজাপুর, সুজানগনর, বড়াইগ্রাম, বেড়া ); |
| **উপকারভোগী সংখ্যা** | মোট ঃ ৩০০০ জন; |
| **কর্মসূচির জনবল** | মোট ঃ ১ জন । |
| **বাজেট** | ২০২৩-২৪ অনুদান- ৩০০,০০০ টাকা |
| **অর্থায়নকারী/অংশীদার সংস্থা** | Buro Bangladesh |

**কর্মসূচির ২০২৪-২০২৫ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য**

| ক্রমিকনং | সম্পাদিত কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অর্জন হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | উঠান বৈঠক/বিসিসি সেশন | ৫০০ | ৩৭৫ | ৭৫% | অবশিষ্ট ১২৫ টি সেশন চলতি বছরে সম্পন্ন হবে |

**৭. প্রশিক্ষণ কর্মসুচি (Training Programme)**

| | |
|---|---|
| **কর্মসূচির মেয়াদকাল** | ০১.০১.২০০০ থেকে চলমান |
| **কর্মসূচির উদ্দেশ্য** | কর্মী, উপকারভোগী নারী-পুরুষ নির্বিশেষে মানুষের সামর্থ্য ও দক্ষতা বৃদ্ধি লাভ যাতে করে সস্থার স্বপক্ষে যোগ্যতাসম্পন্ন মানবসম্পদ সৃষ্টি করা সম্ভব হয় |
| **প্রধান প্রধান কার্যক্রমসমুহ** | ক. প্রশিক্ষণ কারিকুলাম/প্রশিক্ষণ মডিউল ডিজাইন/প্রস্তুত/উন্নয়ন; খ. প্রশিক্ষণ চাহিদা নিরূপণ; গ. প্রশিক্ষণ পরিকল্পনা প্রনয়ন; ঘ. প্রশিক্ষণ উপকরণ ও প্রশিক্ষক সমাবেশিকরন; ঙ. পরিকল্পনা মোতাবেক প্রশিক্ষণ পরিচালনা; চ. প্রশিক্ষণ মুল্যায়ন; ছ. প্রশিক্ষণ প্রতিবেদন প্রস্তুত। |

| | |
|---|---|
| **কর্মসূচির কর্মএলাকা** | পিসিডির সমগ্র কর্ম এলাকা |
| **উপকারভোগী সংখ্যা** | **মোটঃ** ৫০০০ জন, **নারী** ঃ ২৫০০ জন, **পুরুষ** ঃ ১৫০০ জন ও অন্যান্য ঃ ১০০০ |
| **কর্মসূচির জনবল** | **মোটঃ** ০২ জন, **নারী** ঃ ০১ জন, **পুরুষ** ঃ ০১ জন |
| **কর্মসূচির বাজেট** | **২০২২-২৩ প্রকৃত** ঃ ৫,০০,০০০ টাকা, **২০২৩-২৪ প্রস্তাবিত** ঃ ৮,৫০,০০০ টাকা |
| **অর্থায়নকারী/অংশীদার সংস্থা** | পিকেএসএফ, বিভিন্ন দাতা সংস্থা ও পিসিডি'র নিজস্ব তহবিল |

**কর্মসূচির ২০২৩-২০২৪ অর্থ বছরের কার্যক্রমের অগ্রগতির পরিসংখ্যানগত তথ্য**

| ক্রমিক নং | সম্পাদিত কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | অর্জন হার (%) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | প্রশিক্ষণ চাহিদা নিরুপন | ০২ | ০২ | ১০০% | অভ্যন্তরীণ প্রশিক্ষণ চাহিদা নিরুপন এবং পিকেএসএফ এর জন্য প্রশিক্ষণ চাহিদা নিরুপন। |
| ২ | বাৎসরিক/ মাসিক কর্ম পরিকল্পনা | ১৩ টি | ১৩ টি | ১০০% | প্রতিমাসের কর্ম পরিকল্পনা এবং বাৎসরিক পরিকল্পনা প্রনয়ন করা । |
| ৩ | প্রশিক্ষণ মডিউল তৈরী | ০২ | ০৩ টি | ২৫০% | • ব্যবস্থাপনাগত দক্ষতা উন্নয়ণ<br>• অগ্রসর ঋন ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ<br>• দক্ষতা উন্নয়ণ বিষয়ক প্রশিক্ষণ |
| ৪ | প্রশিক্ষণ মডিউল আপডেট | ০২ | ০২ | ১০০% | পি-সার্ভিস এবং পোস্ট প্রি-সার্ভিস, |
| ৫ | প্রশিক্ষণ আয়োজন ও পরিচালনা | ১০ ব্যাচ | ৫ ব্যাচ | ৫০% | সংস্থার কর্মী ও উপকারভোগীদের দক্ষতাবৃদ্ধি ও সক্ষমতা উন্নয়ণে প্রশিক্ষণ পরিচালনা করা হয়। |
| ৬ | প্রশিক্ষণার্থী সংখ্যা | ৫০০ জন | ২০০ জন | ৪০% | সংস্থার কর্মী ও উপকারভোগী |
| ৭ | পিকেএসএফ প্রশিক্ষণ | ২০ জন | ৫ জন | ২৫% | বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধিতে সংস্থার কর্মীদের প্রশিক্ষণ করানো হয়। |

**২০২৪-২০২৫ বর্ষে যেসকল প্রকল্প/কর্মসূচি চলমান এবং শুরু হয়েছে ঃ**

১. মাইক্রো ফাইন্যান্স প্রোগ্রাম (জাগরণ, বুনিয়াদ এবং বিভিন্ন সময়োপযোগী ঋণের খাত সমূহ)
২. মাইক্রো এন্টারপ্রাইজ
৩. কৃষি খাতে ক্ষুদ্র ঋণ
৪. ENRICH প্রোগ্রাম (স্বাস্থ্য, শিক্ষা, কৃষি ও সামাজিক উন্নয়ন, পানি ও স্যানিটেশন)
৫. RAISE প্রকল্প
৬. গ্রামীণ মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (RMTP)-সরিষার তেল
৭. গ্রামীণ মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (RMTP)-ফিসারিজ
৮. BD Rural WASH for HCD
৯. ওয়াটার ক্রেডিট এডাপশান প্রকল্প
১০. প্রশিক্ষণ কর্মসূচী।

**২০২৩-২০২৪ বর্ষে যেসকল প্রকল্প/কর্মসূচি সম্পন্ন হয়েছে ঃ**

১. কিশোরী অনুষ্ঠান/সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান
২. প্রবীণ কর্মসূচী
৩.কৃষি বাণিজ্যিকীকরণ এবং উদ্যোগের প্রচার (PACE)
৪. টেকসই এন্টারপ্রাইজ প্রজেক্ট (SEP)
৫. NOREC প্রকল্প।

**উন্নয়ন সহযোগী/দাতা সংস্থাঃ**
(ক) পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
(খ) কর্মাশিয়াল ব্যাংক
(গ) ইফাদ-বিশ্ব ব্যাংক
(ঘ) সুইসকন্ট্রাক্ট
(ঙ) নরেএক

**অফিস স্থাপনাঃ সর্বমোট ৭০ টি**

(ক) প্রধান কার্যালয় - ১টি
(খ) প্রশিক্ষণ কেন্দ্র -১টি
(গ) জোনাল অফিস -১টি (ঋণ সহায়তা কর্মসূচি)
(ঘ) এরিয়া অফিস - ১১টি (ঋণ সহায়তা কর্মসূচি)
(ঙ) শাখা অফিস (ঋণ সহায়তা কর্মসূচি)- ৪৬টি (২টি নিজস্ব স্থাপনা)
(চ) কর্মসূচি/ প্রকল্প অফিস - ১০টি (প্রধান কার্যালয় ভিত্তিক- ৮ টি; এবং অঞ্চল ভিত্তিক- ২ টি)

**সাংগঠনিক ব্যবস্থাপনাঃ**

একটি সুসংগঠিত পদ্ধতি অনুসরণ করে সংস্থার সার্বিক ব্যবস্থাপনা পরিচালিত হয়। সাধারণ পরিষদ সংস্থার সর্বোচ্চ কাঠামোগত ভিত্তি। সাধারণতঃ বছরে দুইবার পরিষদের সদস্যগণ সাধারণ সভা আয়োজন করে থাকেন। বর্তমানে এ পরিষদে সদস্য সংখ্যা ২১ জন। সাধারণ পরিষদের পক্ষে সকল প্রকার দায়িত্ব পালন করতে একটি নির্বাহী পরিষদ আছে। সরাসরি সাধারণ পরিষদের সদস্যদের ভোটে প্রতি ৩ (তিন) বছরের জন্য নির্বাহী পরিষদ বা ইসি নির্বাচিত হয়ে থাকে। নির্বাহী পরিষদ; ১ জন সভাপতি, ১ জন সহ-সভাপতি, ১ জন সাধারন সম্পাদক, ১ জন কোষাধ্যক্ষ ও ৩ জন সদস্য নিয়ে গঠিত।

নির্বাহী পরিষদ কর্তৃক সংস্থার নির্বাহী প্রধান হিসেবে একজন "নির্বাহী পরিচালক" নিয়োগ করা হয়ে থাকে। তিনি বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মীদের পরিচালনার মাধ্যমে সংস্থার বিভিন্ন কর্মসূচি/প্রকল্প বাস্তবায়ন করে থাকেন। কর্মসূচি/প্রকল্প পরিচালনার ক্ষেত্রে ০১ জন উপ-নির্বাহী পরিচালক এবং ০২ জন পরিচালক (পরিচালক-এমএফ এবং পরিচালক-হিসাব ও অর্থ) তাকে সরাসরি সহায়তা করে থাকেন। যাবতীয় কার্যক্রম সুষ্ঠ পরিচালনার লক্ষ্যে সংস্থায় স্বতন্ত্র মানব সম্পদ উন্নয়ন ও প্রশাসন বিভাগ, হিসাব ও অর্থ বিভাগ, অডিট বিভাগ ও আইসিটি বিভাগ রয়েছে। এ ছাড়া প্রতিটি প্রকল্পের প্রধান হিসেবে একজন কর্মসুচি/প্রকল্প ব্যবস্থাপক রয়েছেন যিনি সার্বিকভাবে নির্দিষ্ট এক বা একাধিক প্রকল্প পরিচালনার দায়িত্বে নিয়োজিত। তিনি উক্ত প্রকল্প পরিকল্পনা ও বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করেন। ঋণ সহায়তা (মাইক্রো-ফাইনান্স) কর্মসুচি ৩ টি বিভাগে ৫টি জেলায় ১টি জোনাল অফিস ও ১১ টি এরিয়া অফিসের মাধ্যমে মোট ৪৬টি শাখা অফিসের সকল কার্যক্রম বাস্তবায়ন করছে। শাখা ব্যবস্থাপকগণ নিজ নিজ শাখার সুপারভাইজার ও মাঠ কর্মীদের পরিচালনা করেন। কোন কোন প্রকল্পে সহকারী প্রকল্প ব্যবস্থাপক/প্রকল্প কর্মকর্তা/সমন্বয়কারী ও সুপারভাইজার রয়েছে। এছাড়াও সংস্থার প্রশিক্ষণ বিভাগ কর্মীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে কর্মীর প্রয়োজন অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষনের আয়োজন করে থাকে। প্রকল্পের চাহিদা অনুসারে সুবিধাভোগিদের জন্যও নানা প্রকার জীবনমূখী প্রশিক্ষণের ব্যবস্থা করে হয়। এক দল দক্ষ কর্মী বাহিনী অত্যন্ত সততা ও নিষ্ঠার সাথে সংস্থার সার্বিক লক্ষ্য অর্জনে নিরলসভাবে নিজ নিজ কর্মক্ষেত্রে দ্বায়িত্ব পালন করছে।

সংস্থার যাবতীয় কর্মকান্ড সংস্থার নিয়ম অনুযায়ী বাস্তবায়নে সহযোগিতার জন্য একজন উপ-নির্বাহী পরিচালকের নেতৃত্বে মনিটরিং ও ইভ্যালুয়েশন মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে ও একজন উপ-পরিচালকের নেতৃত্বে নিরীক্ষা বিভাগ কাজ করে। প্রতিটি কর্মসুচি/প্রকল্পে আলাদাভাবে সাপ্তাহিক/মাসিক পর্যালোচনা সভার মাধ্যমে অগ্রগতি মুল্যায়ন ও পর্যালোচনা করা হয়ে থাকে । সংস্থার উর্দ্ধতন ব্যবস্থাপনা কমিটি নিয়মিত মাসিক সমন্বয় সভায় সংস্থার সার্বিক কর্মকান্ড মূল্যায়ন ও অগ্রগতি পর্যালোচনা করে থাকে।

সর্বোপরি, হিসাব বিভাগ দক্ষতার সাথে বিভিন্ন কর্মসূচি/প্রকল্পসহ সংস্থার কাজের আর্থিক পরিকল্পনা ও বাজেট প্রাক্কলন করে থাকে সার্বিক আয়-ব্যয়ের সঠিক হিসাব লিপিবদ্ধ ও সংরক্ষণ করে থাকে যা' আভ্যন্তরীণ নিরীক্ষন বিভাগ নিয়মিতভাবে নিরীক্ষা করে থাকে। এছাড়াও, প্রতি বছর বহিরাগত খ্যাতনামা চাটার্ড এ্যাকাউন্ট্যান্টস্ ফার্ম নিয়োগের মাধ্যমে সংস্থার সার্বিক আর্থিক লেনদেন নিরীক্ষা করা হয়ে থাকে।

===o===